গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও
ঢাকা-১২০৮।
**www.rhd.portal.gov.bd**

স্মারক নং- ৩৫.০১.০০০০.৩৬৮.০৫.০০১.২৩- ৬২৪ তারিখ: ০৮/০৮/২০২৩খ্রিঃ

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের**
**নৈতিকতা কমিটির ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ সৈয়দ মঈনুল হাসান
প্রধান প্রকৌশলী, সওজ
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
ও আহবায়ক, সওজ নৈতিকতা কমিটি।

তারিখ ও সময়ঃ ২৬/০৭/২০২৩ খ্রিস্টাব্দ
দুপুর ০২ : ৩০ ঘটিকা

স্থানঃ Online Meeting (Zoom Platform)।

প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর ও আহ্বায়ক, সওজ নৈতিকতা কমিটি ও সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং-কে সড়ক ও জনপথ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ ভুক্ত প্রথম প্রান্তিকের কার্যক্রম সমূহের অগ্রগতির বাস্তবায়ন করার অগ্রগতি সম্পর্কে জানতে চান। অতঃপর অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং ও সদস্য সচিব, সওজ নৈতিকতা কমিটি সভায় সড়ক ও জনপথ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ ভুক্ত কার্যক্রম সমূহের অগ্রগতি পর্যালোচনাপূর্বক প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার বিষয়ে অনুরোধ করেন।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ ভুক্ত কার্যক্রম নং- ১.১ এবং ১.২ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, অদ্য ২৬.০৭.২০২৩ তারিখে নৈতিকতা কমিটির সভাটি অনুষ্ঠিত হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যে নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা হবে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ ভুক্ত কার্যক্রম নং-১.৩ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, আগামী সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যে অংশীজন সভাটি আয়োজন করা হবে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ ভুক্ত কার্যক্রম নং-১.৪ এর বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশিক্ষণ কেন্দ্র জানান, লক্ষ্যমাত্রা অনুযায়ী সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যেই নির্ধারিত প্রশিক্ষণ ২ (দুই)-টির আয়োজন করা হবে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ ভুক্ত কার্যক্রম নং-১.৫(ক) এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্বাহী প্রকৌশলী, সওজ, সরঞ্জাম নিয়ন্ত্রন বিভাগকে নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সমাপ্তির জন্য নির্দেশ প্রদান করেন। তিনি টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল এর তালিকা হালনাগাদ করার জন্য ও নির্দেশ প্রদান করেন।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ ভুক্ত কার্যক্রম নং-১.৫(গ) এর বিষয়ে ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সবাইকে আহবান জানান। এ বিষয়ে দপ্তর প্রধানদের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার জন্য পত্র প্রদান করা যেতে পারে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ ভুক্ত কার্যক্রম নং- ২.১ এর বিষয়ে নির্বাহী প্রকৌশলী, সওজ, তদন্ত বিভাগ জানান, ইতোমধ্যে সকল জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং সকল প্রকল্পের প্রকল্প পরিচালকগণ-কে ২০২৩-২০২৪ অর্থবছরের উন্নয়ন বাজেট এবং রক্ষণাবেক্ষণ বাজেটের অন্তর্ভুক্ত কার্যক্রমের ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন পূর্বক সওজ ওয়েবসাইটে প্রকাশের নিমিত্ত ব্যবস্থা গ্রহণের জন্য

পত্র প্রেরণ করা হয়েছে। কয়েকটি দপ্তরের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ইতোমধ্যে পাওয়া গিয়েছে। এ বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা সকল ক্রয় পরিকল্পনা ৩১-০৭-২০২৩ তারিখের মধ্যে সওজ এর ওয়েবসাইটে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-কে অনুরোধ করেন।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ ভুক্ত কার্যক্রম নং- ২.২ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী ১ম প্রান্তিকে ২০% ক্রয় কার্যক্রমের দরপত্র বা প্রস্তাব দাখিলের আহবান প্রকাশ করা হলে ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন হয়েছে মর্মে ধরে নেয়া হবে। তিনি এই লক্ষ্যমাত্রাটি অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট সকল-কে সচেষ্ট থাকতে অনুরোধ করেন।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ ভুক্ত কার্যক্রম নং- ২.৩ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, লক্ষ্যমাত্রা অনুযায়ী সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের বাজেটের (রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন) ৫% বাস্তবায়ন করতে হবে। তিনি এই লক্ষ্যমাত্রাটি অর্জনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রক্ষণাবেক্ষণ সার্কেল এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, মনিটরিং সার্কেল-কে আহবান জানান।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ ভুক্ত কার্যক্রম নং-২.৪ এর বিষয়ে নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা বিভাগ-১ জানান, প্রথম প্রান্তিকের ১৩৪ টি PIC সভা এর মধ্যে ইতোমধ্যে ০৬ টি সভার নোটিশ প্রদান করা হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জিত হবে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ ভুক্ত কার্যক্রম নং-২.৫ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করার জন্য ২০২২-২০২৩ অর্থবছরে সমাপ্ত প্রকল্প সমুহের মধ্যে যে প্রকল্প গুলোতে যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ক্রয় অন্তর্ভুক্ত রয়েছে সেসব প্রল্পের প্রকল্প পরিচালকদের ৩১.০৮.২০২৩ তারিখের ভিতর প্রকল্পের সম্পদ হস্তান্তর পূর্বক প্রমানক প্রেরণের জন্য পত্র প্রদান করা হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে কাজ করার জন্য সকলকে অনুরোধ করেন।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ ভুক্ত কার্যক্রম নং- ৩.২ এর বিষয়ে পরিচালক (তঃ প্রঃ), সওজ, বাংলাদেশ সড়ক গবেষণাগার জানান, সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যে ০৪ (চার)-টি উল্লেখযোগ্য চলমান কাজে Quality Assurance Plan অনুসরণ হচ্ছে কিনা তা নিরীক্ষাকরণের কার্যক্রম সম্পন্ন করা হবে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ ভুক্ত কার্যক্রম নং-৩.৩, প্রধান প্রকৌশলী/ মনোনীত প্রতিনিধি কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়নমূলক কাজ অনলাইনে/সরেজমিনে মনিটরিং কার্যক্রম এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, নির্ধারিত সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যে ০২ (দুটি)-টি প্রকল্পের চলমান কাজ অনলাইনে/ সরেজমিনে মনিটরিং এর কার্যক্রম সম্পন্ন করা হবে।

এছাড়াও নৈতিকতা কমিটির সভায় সরকারি দপ্তর সমূহের প্রাত্যহিক কাজে কর্মকর্তা ও কর্মচারীদের আচরণগত উৎকর্ষতা সাধনের বিষয়ে আলোচনা করা হয়। অত্র অধিদপ্তর কর্তৃক প্রদত্ত বিভিন্ন কার্যাবলী সম্পর্কে সভায় আলোচনা করা হয়। দেশের জনগণ কিভাবে সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যক্রমের মাধ্যমে আরো উপকৃত হতে পারে; সে বিষয়ে সভায় সদস্যগণ আলোচনা করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং। |
| ২। | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ প্রশিক্ষণ কেন্দ্র। |
| ৩। | সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত বাজেট বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে অবগতকরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র দিতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রক্ষণাবেক্ষণ সার্কেল; তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, মনিটরিং সার্কেল। |
| ৪। | চলমান ২০২৩-২০২৪ অর্থবছরে প্রথম প্রান্তিকের জন্য নির্ধারিত ১৩৪ টি PIC সভার আয়োজন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল। |
| ৫। | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ। |

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ৬। | সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যে বাস্তবায়নাধীন উল্লেখযোগ্য ০৪ (চার) টি কাজে Quality Assurance Plan অনুসরণ হচ্ছে কিনা তা নিরীক্ষাকরণের কার্যক্রম সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (তঃ প্রঃ), সওজ, বাংলাদেশ সড়ক গবেষণাগার। |
| ৭। | প্রধান প্রকৌশলী/ মনোনীত প্রতিনিধি কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়নমূলক কাজ অনলাইনে/সরেজমিনে মনিটরিং -এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং। |
| ৮। | প্রতিষ্ঠানিক গণশুনানি আয়োজন এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৮/২৩

সৈয়দ মঈনুল হাসান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ও
আহ্বায়ক, সওজ নৈতিকতা কমিটি

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলোঃ

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, যান্ত্রিক জোন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, টেকনিক্যাল সার্ভিসেস উইং, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৭। পরিচালক (তঃপ্রঃ, সওজ),বাংলাদেশ সড়ক গবেষণাগার, পাইকপাড়া, মিরপুর, ঢাকা।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, মনিটরিং সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রকিউরমেন্ট সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রক্ষণাবেক্ষণ সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, আরএইচডি প্রশিক্ষণ কেন্দ্র, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। কার্যবিবরণীটি সওজ ওয়েবসাইট-এর জাতীয় শুদ্ধাচার বাতায়নে আপলোড করার জন্য অনুরোধ প্রদান করা হলো।
১৩। এস্টেট এন্ড ল' অফিসার, প্রধান কার্যালয়, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৪। নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৫। নির্বাহী প্রকৌশলী, সওজ, তদন্ত বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

মোঃ রেজাউল করিম
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
ও
সদস্য সচিব, সওজ নৈতিকতা কমিটি